

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 20-05-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Fifth Phase of Lok Sabha Election:

লোকসভা নির্বাচনের পঞ্চম দফায় আজ ৬টি রাজ্য এবং ২টি কেন্দ্র শাসিত অঞ্চলের ৪৯টি আসনে ভোট গ্রহণ করা হচ্ছে। উত্তর প্রদেশে ১৪টি, মহারাষ্ট্রে ১৩টি, পশ্চিমবঙ্গে ৭টি, বিহার এবং উড়িষ্যায় ৫টি করে আসনে, ঝাড়খন্ডের ৩টি আসনে এবং জম্মু কাশ্মীর ও লাদাখে ১টি করে আসনে ভোট হচ্ছে। এই আসনগুলোতে মোট ৬৯৫ জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করছেন।

PM:

প্রধানমন্ত্রী তথা বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী বলেছেন, ২০২৪-এর লোকসভা নির্বাচন দেশের বর্তমান এবং ভবিষ্যৎকে শক্তিশালী করবে। গতকাল ঝাড়খন্ডের জামশেদপুরে নির্বাচনী সভায় ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন দেশের উন্নয়নে ব্যবসার গুরুত্ব অপরিসীম। কংগ্রেস দেশের ব্যবসাকে শত্রু বলেই মনে করে বলে তিনি জানান। তিনি বলেন যে ব্যবসায়ী এবং বিনিয়োগকারীদের বিরোধিতা করলে যুব সম্প্রদায়ের কর্মসংস্থান হবে না।

CM, Dr. Manik Saha:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গতকাল পশ্চিমবঙ্গের রায়দিঘীতে লোকসভা নির্বাচনে বিজেপি প্রার্থীর সমর্থনে এক নির্বাচনী সমাবেশে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। এর আগে শ্রী সাহা রামগঙ্গায় এক সংকল্প সভায় ভাষণ দেন।

Detain of 03 Bangladeshi girl :

আগরতলা রেল স্টেশনে বেআইনি অনুপ্রবেশের অভিযোগে তিন বাংলাদেশি তরুণীকে গতকাল বিকালে পুলিশ গ্রেপ্তার করেছে। রেল পুলিশের ওসি তাপস দাস জানিয়েছেন, ধৃতরা আহমেদাবাদ যাওয়ার জন্য আগরতলা রেল স্টেশনে এসেছিলেন বলে ডিজিটাসাবাদে জানা গেছে। পুলিশ আরও জানায়, ধৃতদের কাছে পাসপোর্ট পাওয়া যায়নি।

খোয়াইতে ৫ বাংলাদেশী যুবক গ্রেপ্তার।

বাইজাল বাড়ি ফাঁড়ী থানার পুলিশ গতকাল রাতে একটি যাত্রীবাহী গাড়িতে তল্লাশি চালিয়ে পাঁচ বাংলাদেশি যুবককে গ্রেপ্তার করেছে। পুলিশ জানিয়েছে, এদের বাড়ী বাংলাদেশের সুনামগঞ্জ এবং খালিয়াজুরী জেলায়। এরা খোয়াই আশারামবাড়ী সীমান্ত দিয়ে ভারতে প্রবেশ করে আগরতলার উদ্দেশ্যে রওনা হয়েছিল। অনুপ্রবেশকারী পাঁচ যুবকের বিরুদ্ধেই পুলিশ অবৈধ অনুপ্রবেশের কারণে মামলা দায়ের করেছে। ধৃত পাঁচ যুবককে আজ আদালতে তোলা হবে বলে জানা গেছে।

Summer Theater Workshop:

সংস্কৃতি মন্ত্রণালয় ও NCERT -র সহায়তায় ন্যাশনাল স্কুল অফ ড্রামার থিয়েটার ইন এডুকেশন ত্রিপুরা শাখার উদ্যোগে গতকাল থেকে সোনামুড়ার নবদ্বীপ চন্দ্র ইনস্টিটিউটউশনে শুরু হয়েছে "সামার থিয়েটার ওয়ার্কশপ"। এই কর্মশালা শেষ হবে আগামী মাসের ৬ তারিখ। সোনামুড়া মহকুমার বিভিন্ন বিদ্যালয় থেকে মোট ৭০ জন ছাত্র-ছাত্রী নাটকের এই কর্মশালায় যোগদান করেছে।

ভাষা শহীদ:

ভাষা শহীদদের স্মরণে ত্রিপুরা পাবলিশার্স গিল্ডের উদ্যোগে গতকাল আগরতলার কর্নেল চৌমুহনিত্তে এক স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে, দিনটির তাৎপর্য ব্যাখ্যা করেন গিল্ডের সম্পাদক অজিত দেববর্মা, সভাপতি মানষ পাল-সহ অন্যান্যরা। এদিকে, অক্ষর পাবলিকেশন এর উদ্যোগে অনুষ্ঠিত হয়. আলোচনা সভা. কবিতা পাঠ ও শহীদদের স্মৃতিচারণ অনুষ্ঠান। অনুষ্ঠানে আগরতলার কবি সাহিত্যিকরা উপস্থিত ছিলেন। পাশাপাশি, আগরতলা নন্দননগর সেনপারা মাঠে, বাংলা সংস্কৃতি বলয় আগরতলা শাখার উদ্যোগে সাপ্তাহিক সংস্কৃতি হাটে, ভাষা শহীদদের স্মরণে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে পশ্চিম জিলা পরিসদের সভাপতি হরিদুলাল আচার্য্য-সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন ।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রীর কাছাকাছি থাকবে । আগরতলা বিমানবন্দরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রী সেলসিয়াস । গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমাণ ১৩.৫ মিলিমিটার। এদিকে আগামী ২৪ ঘন্টায় রাজ্যে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে।
